

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২১.০০০০.০০৩.১৭.০০১.১৭- ১২৪৬

তারিখ: ১৬ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ
৩১ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: বর্তমান সরকারের সাড়ে আট বছরের (জানুয়ারি ২০০৯-জুন ২০১৭) সাফল্য-চিত্র প্রেরণ।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৭.১৭-৫৪৬, তারিখ: ৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ।
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৭.৩৯.১৬.২২.০০.০৪.২০১৭-২৭১, তারিখ: ১২ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ।

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন একটি সংবিধিবদ্ধ প্রশিক্ষণ ও গবেষণামূলক প্রতিষ্ঠান। কম্পিউটার বিষয়ে উচ্চ শিক্ষা ও গবেষণা, তথ্য প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণ, কম্পিউটার শিক্ষাকে গণমুখীকরণের লক্ষ্যে সর্বসাধারণের নিকট পৌঁছে দেয়া এবং কম্পিউটার শিক্ষার মানোন্নয়ন করে প্রশিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টি এবং দেশের সরকারি-বেসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের সফটওয়্যার উন্নয়ন, নেটওয়ার্ক স্থাপন এবং ই-গভর্নরস কার্যক্রমে সহায়তা/পরামর্শ প্রদানে এ প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানে চলমান বিভিন্ন কোর্স এর সফলতা ইতোমধ্যে প্রশংসা অর্জনে সক্ষম হয়েছে।

বৃহৎসংখ্যক, ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সরকার ঘোষিত বিবিধ কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কম্পিউটার বিষয়ে দক্ষ জনগোষ্ঠী গড়ে তুলতে নেকটার বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করছে। জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ পর্যন্ত অত্র একাডেমির উল্লেখযোগ্য অর্জন সম্পর্কে তথ্য/প্রতিবেদন নিয়ে উপস্থাপন করা হলো:


১. শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আর্থিক সহযোগিতায় ‘জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া সারাদেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের মানসম্মত আইসিটি শিক্ষা পাঠদানের লক্ষ্যে সরকারি-বেসরকারি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)’ বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত শিক্ষক/মাস্টার ট্রেনার হিসেবে গড়ে তুলছে। এছাড়া বিভিন্ন দপ্তর-অধিদপ্তর ও বিভাগের চাহিদার ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ অফিস কর্মী হিসেবে গড়ে তুলছে। এ সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

কোর্সের নাম	২০০৯ হতে ২০১৭ পর্যন্ত সনদ প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা
➤ সরকারি-বেসরকারি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক প্রশিক্ষণ কোর্স (৩০ দিন মেয়াদি)।	২,৭৯১ জন
➤ ইন-সার্ভিস (কর্মকর্তা/কর্মচারী) কম্পিউটার প্রশিক্ষণ কোর্স।	২৮৫ জন
	৩,০৭৬ জন

২. বাংলাদেশের মোট জনসংখ্যার দুই-তৃতীয়াংশই যুবশক্তি। তরুণ প্রজন্ম এখন প্রযুক্তির কল্যাণে আইসিটিতে দক্ষ এক জনসম্পদে পরিণত হচ্ছে। আইসিটিতে দক্ষ জনবল তৈরীর জন্য নেকটার ইতোমধ্যে বিভিন্ন কোর্সের মাধ্যমে শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রেখেছে। উচ্চ শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাগণ এ সকল প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করেন এবং স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক হওয়ার পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে জ্ঞান লাভের মাধ্যমে IT Professional হিসেবে নিজেকে গড়ে তুলতে সক্ষম হচ্ছে। এছাড়া বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োগ লাভ করে কর্মসংস্থান সৃষ্টি করছেন। জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ পর্যন্ত তথ্য নিম্নরূপ:

কোর্সের নাম	২০০৯ হতে ২০১৭ পর্যন্ত সনদ প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা
Advance Certificate Course on Computer Training (06 Months)	৪,৭২২ জন

৩. বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে “বসে আছি স্বদেশে, কাজ করি বিদেশে” এ শ্লোগানকে সামনে রেখে মুক্ত পেশাজীবী গড়ার প্রত্যয়ে এ প্রতিষ্ঠান কর্তৃক স্বল্প ব্যয়ে আউটসোর্সিং, ওয়েবপেজ ডিজাইন, ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন ও প্রোগ্রামিং এর উপর শর্ট কোর্স পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে আউটসোর্সিং কোর্সের বেশ কয়েকটি ব্যাচ সম্পন্ন করেছে। যাদের অনেকেই ইতোমধ্যে বর্হিঃবিধে মার্কেট প্লেসে আউটসোর্সিং কাজে ভূমিকা রাখছে ও বৈদেশিক মুদ্রা অর্জন করছে। এ সংক্রান্ত তথ্য নিম্নরূপ :



কোর্সের নাম	২০০৯ হতে ২০১৭ পর্যন্ত সনদ প্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা
> Professional Freelancing (Search Engine Optimization SEO, Social Media Marketing (SMM) (120 Hours)	২৮১ জন
> Web Page Design Course (120 Hours)	১৯৮ জন
> Special Course on PHP & My SQL Programming Course (45 Hours)	১৭ জন
> Fundamental of ICT Computer Training Course (90 Hours)	৭৮ জন
> Special Basic Computer Learning Course (60 Hours) (Junior Level: ix-x)	৩৬২ জন
> "C" Programming Course (60 Hours)	১২৭ জন
> Graphics Design Course (60 Hours)	১৮০ জন
> Database Management System (60 Hours)	৪০ জন
	১,২৮৩ জন

৪. ঢাকা বোর্ডের আওতায় ২ বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ (ডিআইবিএস) কোর্স (এইচএসসি সমমান) ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের সংখ্যা নিম্নরূপ :

ক্রমিক নং	শিক্ষাবর্ষ	ছাত্র/ছাত্রীর সংখ্যা	সাফল্যের হার	মোট উত্তীর্ণের সংখ্যা
১।	২০০৮-২০০৯	১৮৮ জন	৮১.৮২%	১৮০ জন
২।	২০০৯-২০১০	২১৬ জন	৭১.৫০%	১৫৩ জন
৩।	২০১০-২০১১	২২১ জন	৯১.৩৬%	২০১ জন
৪।	২০১১-২০১২	২০০ জন	৭৯.৯০%	১৫৯ জন
৫।	২০১২-২০১৩	২০৬ জন	৬৯.৯০%	১৪৪ জন
৬।	২০১৩-২০১৪	১৫৫ জন	৬১.৯৪%	৯৬ জন
৭।	২০১৪-২০১৫	১০৩ জন	৮০.৬৫%	১০০ জন
৮।	২০১৫-২০১৬	১৯৩ জন	৮৫.৪৭%	১৪৭ জন
				১,১৮০ জন

৫. সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে কম্পিউটার শিক্ষাকে অগ্রগামীকরণের ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য অর্জন, অন্যান্য কার্যক্রম ও সাফল্য নিম্নরূপ :

ক্রম	কার্যক্রম
১।	ওয়েবসাইটে প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ সংযোজন করা হয়েছে এবং কম্পিউটার প্রশিক্ষণার্থীদের ফলাফল অনলাইনে প্রকাশ করা হয়ে থাকে।
২।	অনলাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণসহ ভর্তি কার্যক্রম শুরু করা হয়েছে।
৩।	নেকটারের জন্য পূর্ণাঙ্গ ওয়েবসাইট ডেভলপমেন্ট করা হয়েছে।
৪।	একাডেমির প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজে ব্যবহৃত ৩৮০টি কম্পিউটারের সঙ্গে ব্রডব্যান্ড সংযোগ এর মাধ্যমে ইন্টারনেট ব্যবহার নিশ্চিত করা হয়েছে।
৫।	কম্পিউটার ব্যবহারিক ০৮টি ল্যাব, ০৩টি থিউরী ল্যাব এবং পরিচালকের দপ্তরসহ অন্যান্য বিভাগে অফিসিয়াল কাজে ব্যবহৃত সকল কম্পিউটারসমূহ Update করে এন্টি-ভাইরাস এর মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে।
৬।	প্রশিক্ষণের কাজে সুবিধার জন্য ১১টি ল্যাবে মাল্টিমিডিয়া প্রজেক্টর সংযোজন করা হয়েছে।
৭।	৩০ এমবিপিএস গতির ইন্টারনেট সংযোজন করা হয়েছে।
৮।	একাডেমীর কার্যক্রম ও নিরাপত্তার সুনিশ্চিতকরণের লক্ষ্যে ৩২টি সিসি ক্যামেরা সংযোজন করা হয়েছে।

বাংলাদেশকে দারিদ্রমুক্ত একটি সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকার ইতোমধ্যে ভিশন-২০২১ ঘোষণা করেছে। সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর অধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আইসিটি শিক্ষার গুণগতমান বৃদ্ধির জন্য দেশের সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে নারীকে স্বাবলম্বী করার লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স, আউটসোর্সিং এন্ড ফ্রিল্যান্সিং, ওয়েব পেজ ডিজাইন, গ্রাফিক্স ডিজাইনসহ নানাবিধ কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে এ যাবৎ ১০,২৬১ জনকে সফলভাবে প্রশিক্ষণ প্রদান করেছে।

প্রাপক: সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ


শিক্ষা মন্ত্রণালয়

পরিবহন পুল ভবন

সচিবালয় লিংক রোড, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ শহীদুল্লাহ

সহকারী সচিব (সমন্বয়)।


(বাবুল আকতারুজ্জামান)

সিনিয়র প্রশিক্ষক (প্রশিক্ষণ সমন্বয়কারী)

ও

পরিচালকের রুটিন দায়িত্ব

নেকটার, বগুড়া।

০৫১-৬০৯৮৮ (অফিস)

E-mail : director.nactar@gmail.com

